

আর্কিটেক্ট

জনপুর জংশন থেকে রাখা আছে,
বহুমুখী যত রেলপথ,
আমিহিতো সাজিয়েছি সব সময়ে সময় ।
কয়েকটি ধরে চলতে থাকলে
আবারো আসা যায় শুরুতে,
কতক আবার মিশেছে গিয়ে-
আপাত অদেখা এক অনন্য তরঙ্গে ।

ইমপারমিনেন্স ধরে ধরে ট্রেনগুলি ছুটে যায় ।

এদিকে শেষ ট্রেনের টিকিটে যদি
প্রহেলিকাময় ছন্দের চয়ন,
আমিহিতো করেছি স্থাপন
অদ্ভি অটবি আর অনন্ত অয়ন ।
ব্রাহ্মে কুসুম আর গোধূলির মেহেদী
নীল ধূসরে জেগে আছে যে শৈবাল বনানী,
আমিহিতো দেখাই সব নানাবিধ প্রলেপে
ফিরে আসা রশ্মির ঢেউ তথা বিশ্লিষ্ট বিচারে ।

দুই জলের বর্ণা ধারায় বিকশিত যত জীবনের আবাস
এক দুই তিন থেকে বেড়ে উঠেছে হাবিলিস এরিকটাস ।
অতঃপর রক্তে রক্তে সংকলিত ক্ষুদ্র অথচ বিস্তৃত নির্দেশনা,
সবই হলো স্থপতির চুন সুড়কি অথবা বিনোদন প্রেরণা ।

আর মনে মনে শ্রমিক যারা তাদের জন্যই আছে রাখা
গুপ্তধনের মানচিত্রে সব ওলট পালট, এমুলেসের ধাঁধা ।

রানা নাগ

১১/২৬/২০০৮